বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন
কোম্পানী লিঃ (বাপেক্স)
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫
www.bapex.com.bd

# কোম্পানির এপ্রিল/২০২৫ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌশলী মোঃ ফজলুল হক<br>ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **১৭ এপ্রিল ২০২৫** |
| সভার সময় | **দুপুর ২.৩০ মিনিট** |
| স্থান | বাপেক্স বোর্ড রুম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | কার্যবিবরণী নিশ্চিতকরণ | বাপেক্স-এর নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালক সভায় মহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ উপস্থিত সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব নবনিযুক্ত ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি মার্চ, ২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত/সংশোধনের প্রয়োজনীয়তা আছে কিনা সে বিষয়ে জানতে চান। কোন মতামত না থাকায় উপস্থিত সদস্যবৃন্দ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে একমত প্রকাশ করেন। | ক) মার্চ/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (সুন্দলপুর-৪ ও শ্রীকাইল-৫) এবং ২টি অনুসন্ধান কূপ (সুন্দলপুর সাউথ-১ ও জামালপুর-১) খনন প্রকল্প | মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, জামালপুর-১ কূপ এলাকা হতে জামালপুর গ্রিড লাইন পর্যন্ত ২২ কিলোমিটার এবং তারাকান্দি পর্যন্ত ২৪.৭ কিলোমিটার সঞ্চালন পাইপ লাইন স্থাপনের জন্য রুট সার্ভে সম্পাদনপূর্বক প্রতিবেদন দাখিল করা হয়েছে।<br>সঞ্চালন পাইপ লাইন স্থাপনের জন্য দরপত্র আহবানের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় সম্পর্কে উপমহাব্যবস্থাপক (উৎপাদন) জনাব শাহ মোঃ সিরাজুস সালেকিন সভায় জানান যে, প্রাথমিকভাবে দৈনিক ১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদন বিবেচনা করে ৬ ইঞ্চি ব্যাসবিশিষ্ট ১০০০ পিএসআই গ্যাস সঞ্চালন পাইপ লাইন নির্মাণের প্রাক্কলন প্রতিবেদন আগামী ১ সপ্তাহের মধ্যে সম্পন্ন হবে। ব্যবস্থাপনা পরিচালক ৬ ইঞ্চি পাইপ লাইনে সর্বোচ্চ কত মিলিয়ন ঘনফুট গ্যাস ফ্লো হতে পারে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, দৈনিক ৫০-৬০ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা যাবে। সভায় গ্যাস সঞ্চালন পাইপ লাইন নির্মাণ ও আনুষঙ্গিক মালামাল ক্রয়ের ক্ষেত্রে দৈনিক সম্ভাব্য গ্যাস উৎপাদনের বিষয়টি বিবেচনায় রাখার জন্য একমত প্রকাশ করা হয়। | ক) জামালপুর-১ কূপ হতে নিকটস্থ গ্রিড লাইন পর্যন্ত সঞ্চালন পাইপ লাইন নির্মাণের লক্ষ্যে দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় সংক্রান্ত প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৩ | ভোলা নর্থ-এর প্রসেস প্ল্যান্ট স্থাপন | প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য পূর্ত কাজ নির্মাণ বিভাগের তত্ত্বাবধানে ঠিকাদারের মাধ্যমে সম্পন্ন করা হবে। ইতোমধ্যে ১০ একর ভূমি অধিগ্রহণ করা হয়েছে। বাপেক্স পরিচালক পর্ষদের অনুমোদন গ্রহণ করে জেলা প্রশাসক, ভোলার নিকট ভূমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ পরিশোধ করা হয়েছে। তিনি আরো জানান যে, প্রসেস প্ল্যান্ট স্থাপনের জন্য আহবায়িত দরপত্রের বিপরীতে সর্বনিম্ন দরদাতা Process Systems, France এর সাথে দ্রুত চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) আহবায়িত দরপত্রের বিপরীতে সর্বনিম্ন দরদাতা Process Systems, France এর সাথে দ্রুত চুক্তি স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (ভোল নর্থ প্রসেস প্ল্যান্ট) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, ১০০০ ও ২০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন সংক্রান্ত প্রতিবেদন দাখিল করা হয়েছে। দাপ্তরিক প্রাক্কলিত ব্যয় প্রস্তুতপূর্বক দ্রুততম সময়ের মধ্যে দাখিল করা হবে। প্লানিং এন্ড আইসিটি বিভাগের বিভাগীয় প্রধান জানান যে, ২টি রিগ ক্রয় সংক্রান্ত একটি Power Point Presentation উপস্থাপনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা রয়েছে। | (ক) নতুন ২টি রিগ ক্রয়ের লক্ষ্যে যৌক্তিকভাবে ডিপিপি প্রস্তুত করতে হবে।<br>(খ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে এতদ্ সংক্রান্ত একটি Power Point Presentation উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৫ | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে ৫০ ও ১০০টি কূপ খনন ও ওয়ার্কওভার বিষয়ে গঠিত কারিগরি কমিটি ১৩.০৪.২০২৫ তারিখে মোবারকপুর ডিপ-১ কূপ এলাকা, ১৭.০৪.২০২৫ তারিখে শ্রীকাইল ডিপ-১ কূপ এলাকা এবং ১৮.০৪.২০২৫ তারিখে ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপ এলাকা সরেজমিনে পরিদর্শন করে। পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির এক সপ্তাহের মধ্যে প্রতিবেদনের সুপারিশের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। তিনি আরো জানান যে, শ্রীকাইল ডিপ-১ ও মোবারকপুর ডিপ-১ কূপ খননের জন্য ঠিকাদার নিয়োগের লক্ষ্যে আহবায়িত দরপত্রের কারিগরি মূল্যায়নে রেসপনসিভ প্রতিষ্ঠানের আর্থিক দরপ্রস্তাব গত ০৮.০৪.২০২৫ তারিখে উন্মোচন করা হয়েছে এবং আর্থিক মূল্যায়ন চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে ডিপিপি দ্রুত প্রেরণের নির্দেশনা প্রদান করেন। | (ক) দ্রুত ডিপিপি পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে সংক্রান্ত গঠিত কমিটির প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে দাখিল করা হবে। ব্যবস্থাপনা পরিচালক উক্ত এলাকায় ইতঃপূর্বে ২ডি সাইসমিক সার্ভে করা হয়েছে কিনা জানতে চাইলে বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, পূর্বে উল্লিখিত এলাকায় ২ডি সাইসমিক সার্ভে করা হয়েছে এবং কয়েকটি প্রসপেক্ট পাওয়া গেছে। বর্তমানে Feasibility Study কাজ চলমান আছে। তিনি আরো জানান যে, প্রাক্তন পর্ষদ পরিচালক অধ্যাপক ড. আনোয়ার হোসেন ভূঁঞার তত্ত্বাবধানে একটি প্রতিবেদন দাখিল করা হয়েছে। ব্যবস্থাপনা পরিচালক বাস্তবতা অনুধাবন করে যৌক্তিকতাসহ প্রকল্প গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। | (ক) বাস্তবতা এবং সার্বিক প্রেক্ষাপট বিবেচনা করে প্রকল্প গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৭ | চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান ( ভূপদার্থ) জানান যে, গত ১০.০৪.২০২৫ তারিখে ডিপিপি পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে করা হয়েছে। তিনি আরো জানান যে, Turn-key ভিত্তিতে প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ৮০% সরকারি অর্থায়ন এবং ২০% নিজস্ব অর্থায়নের প্রস্তাব করা হয়েছে।<br>এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, ভোলা এলাকায় ২০০৯ হতে অদ্যাবধি ৯টি কূপে গ্যাস আবিষ্কার হয়েছে। কিন্তু পাইপ লাইন না থাকায় গ্যাস সরবরাহ করা সম্ভব হয়নি। ফলশ্রুতিতে এই মুহূর্তে উক্ত এলাকায় কোন প্রকল্প গ্রহণ করা সমীচীন হবে কিনা তা পুনর্বিবেচনা করার পরামর্শ প্রদান করেন। বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, উল্লিখিত এলাকায় ৫ টিসিএফ গ্যাসের উপস্থিতি নিশ্চিত হওয়া গেলে পাইপ লাইনের মাধ্যমে গ্যাস সরবরাহ লাভজনক হবে বিবেচনায় প্রকল্পটি গ্রহণ করা হয়েছে। | (ক) পেট্রোবাংলা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পরিকল্পনা কমিশনের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>(খ) চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে প্রকল্প গ্রহণের যৌক্তিকতাসহ পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাপক (অডিট) জানান যে, আগামী ২৪.০৪.২০২৫ তারিখে বাপেক্সে একটি সেমিনারের আয়োজন করা হবে যাতে বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় রিসোর্স পারসন হিসেবে উপস্থিত থাকার বিষয়ে সম্মতি প্রদান করেছেন। এছাড়া আগামী মে, ২০২৫ মাসে মহাপরিচালক মহোদয় বাপেক্সের মাঠ পর্যায়ের খনন কার্যক্রম পরিদর্শন করার বিষয়ে আগ্রহ প্রকাশ করেছেন বলে সভায় অবহিত করা হয়। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে একটি কমিটি গঠনের প্রস্তাব করেন।<br>ব্যবস্থাপনা পরিচালক কয়টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে এবং এ বছরে কতটি সভা আয়োজন করা হয়েছে জানতে চাইলে উপমহাব্যবস্থাপক (অডিট) জানান যে, কোম্পানির ২৯৫টি অডিট আপত্তি আছে এবং চলতি ২০২৫ সালে মোট ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।<br>ব্যবস্থাপনা পরিচালক বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালককে প্রধান অতিথি ও মূখ্য আলোচক করে একটি সেমিনার আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | (ক) বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের মহাপরিচালককে প্রধান অতিথি ও মূখ্য আলোচক করে একটি সেমিনার আয়োজন করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (এইচআরএম)<br>২। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা, ভারপ্রাপ্ত) |
| ৯ | অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম | মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) জানান যে, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ হতে কোন প্রতিষ্ঠানের অনুমোদিত জনবলের ৯০% শূন্যপদ পূরণ না হলে নতুন অর্গানোগ্রাম প্রণয়ন করা যাবে না মর্মে নির্দেশনা রয়েছে। তবে, অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করা হবে বলে সভাকে অবহিত করেন। ব্যবস্থাপনা পরিচালকসহ সংশ্লিষ্ট সদস্যগণ দ্রুত অর্গানোগ্রাম প্রণয়ন সংক্রান্ত কমিটির প্রতিবেদন দাখিল করার পক্ষে একমত প্রকাশ করেন। | ক) অর্গানোগ্রাম প্রণয়ন কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) ও আহবায়ক, অর্গানোগ্রাম প্রণয়ন কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | রূপগঞ্জে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণ | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ-১ কূপটি আইডিকো রিগ দ্বারা খনন করা হয়। তবে রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ বিজয়-১০ রিগের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে নীতিগত সিদ্ধান্ত গৃহীত হয়েছে। তিনি আরো জানান যে, যেহেতু রূপগঞ্জ-১ কূপটি আইডিকো রিগ দ্বারা খনন করা হয়েছিল সেহেতু ওয়ার্কওভার কাজে উক্ত রিগের দ্বারা সম্পন্ন করা সমীচীন হবে। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে একটি বোর্ড সভায় উপস্থাপনের লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত করা হয়েছে।<br>ব্যবস্থাপনা পরিচালক রূপগঞ্জ-১ কূপে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের জন্য পরিচালক পর্ষদের সভায় কার্যপত্র উপস্থাপনের পক্ষে সকলে একমত প্রকাশ করে। | (ক) রূপগঞ্জ-১ কূপে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের জন্য পরিচালক পর্ষদের সভায় একটি কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১ মহাব্যবস্থাপক (খনন) |
| ১১ | সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত আছে। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিজয়-১৮ রিগের মাধ্যমে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদন করা যেতে পারে। সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য পরিচালক পর্ষদের সভায় কার্যপত্র উপস্থাপনের পক্ষে সকলে একমত প্রকাশ করে। | (ক) সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম গ্রহণের জন্য পরিচালক পর্ষদের সভায় একটি কার্যপত্র উপস্থাপন করতে হবে। | ১ মহাব্যবস্থাপক (খনন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার করা | উপমহাব্যবস্থাপক (সেবা) জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের প্রতিনিধিদল বাপেক্স ভবন পরিদর্শন শেষে সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন দাখিল করেছে। তিনি আরো জানান যে, বাপেক্স ভবনে CCTV স্থাপনের বিষয়ে গঠিত কমিটির কর্তৃক প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। এছাড়াও, তিনি বলেন, বাপেক্স ভবনের অকেজো মালামালসমূহ অপসারণ করা প্রয়োজন। এ পর্যায়ে ব্যবস্থাপনা পরিচালক আগামী ১০ (দশ) দিনের মধ্যে সকল বিভগের অকেজো মালামালের তালিকা প্রকাশ করার নির্দেশনা প্রদান করেন এবং বাপেক্স এর অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপনের পক্ষে একমত প্রকাশ করা হয়। | (ক) বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) আগামী ১০ দিনের মধ্যে মধ্যে সকল বিভগের অকেজো মালামালের তালিকা প্রণয়ন করতে হবে।<br>(গ) বাপেক্স এর অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (প্রশাসন<br>৩। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| ১৩ | বিবিধ | (ক) উপমহাব্যবস্থাপক (সেবা) সভায় জানান যে, বাপেক্স ভবনের বাউন্ডারির বাইরে অস্থায়ী হোটেলের সিলিন্ডার স্থাপন করায় বাপেক্স ভবন ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। মাঝে মাঝে সিলিন্ডারে আগুন লাগার কারণে ভবনের জেনারেটর চালু রাখা ঝুঁকিপূর্ণ হয়ে যায়। এমতাবস্থায়, এ বিষয়ে স্থানীয় পুলিশ প্রশাসন ও সিটি কর্পোরেশনকে অবহিত করা যেতে পারে। সভায় স্থানীয় থানায় জিডি করার পক্ষে একমত প্রকাশ করা হয়। | (ক) বাপেক্স ভবনের বাউন্ডারির বাইরে অস্থায়ী হোটেলের সিলিন্ডার স্থাপন করার বিষয়ে কোম্পানির পক্ষে ব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড প্রোটোকল) থানায় জিডি করবেন এবং সেবা উপবিভাগ হতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে অবহিত করতে হবে । | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। ব্যবস্থাপক (সিকিউরিটি এন্ড প্রোটোকল)<br>৩। ব্যবস্থাপক (কমন সার্ভিসেস এন্ড ট্রান্সপোর্ট) |
| | | (খ) মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, সাইসমিক সার্ভের মালামাল সংরক্ষণের জন্য কাপাসিয়ায় একটি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক সাইসমিক সার্ভের মালামাল ও কোর স্টোরের মালামাল সংরক্ষণের জন্য নতুন গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের ব্যবস্থা গ্রহণের জন্য সভায় একমত প্রকাশ করা হয়। | (খ) সাইসমিক সার্ভের মালামাল ও কোর স্টোরের মালামাল সংরক্ষণের জন্য নতুন গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (গ) মহাব্যবস্থাপক (খনন) জানান যে, বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ২টি কূপ খননের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয়ের লক্ষ্যে টেন্ডার আহবান করা হয় যা ১৭.০৪.২০২৫ তারিখে উন্মোচন করা হয়েছে। সভায় দ্রুত ২টি কূপ খননের জন্য প্রয়োজনীয় মালামাল ক্রয় করে ভান্ডারে রাখার বিষয়ে একমত প্রকাশ করা হয়। | (গ) বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও ৩টি ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয় করে ভান্ডারে মজুদ রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)<br>৩। উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়) |
| | | (ঘ) মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় অবহিত করেন যে, প্রাধিকারভুক্ত যে সকল কর্মকর্তারা এখনও সংযুক্ত গাড়ি পায়নি তাদের পরিবহন পুল হতে অথবা যে সকল গাড়ি অচল অবস্থায় আছে সে সকল গাড়ি মেরামত করার জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। স্বল্প সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করা হবে। এ পর্যায়ে বিভাগীয় প্রধান (আঞ্চলিক কার্যালয়) জানান যে, গত ১৫ বছর পূর্বে চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়ে অফিসারগণকে আনা-নেয়ার জন্য গাড়ী প্রদান করা হয়েছিল যা অদ্যাবধি চলমান আছে। বিভিন্ন সময়ে বাপেক্স এর কর্মকর্তাগণ দাপ্তরিক কাজে আঞ্চলিক কার্যালয়ে দাপ্তরিক কাজে ভ্রমণের সময় চাহিদা মোতাবেক গাড়ী সরবরাহ করা সম্ভব হয়না। তাই, সার্বিক বিষয় বিবেচনায় একটি গাড়ী আঞ্চলিক কার্যালয় চট্টগ্রামে সরবরাহের জন্য অনুরোধ করেন। কোম্পানি সচিব তাঁর অভিজ্ঞতার আলোকে উক্ত প্রস্তাবকে সমর্থন করেন।<br>সভায় গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিলের উপর তাগিদ দেয়া হয়। | (ঘ) কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |

আর কোনো বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮-০৪-২০২৫
প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব)
০১৭৫৫৫৫০২২০
mdbapex@bapex.com.bd

তারিখ: ১৫ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৯.০০০০.০০০.০৬১.০৬.০০০১.২৫.৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
২। মহাব্যবস্থাপক, হিসাব ও অর্থ বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৩। মহাব্যবস্থাপক, পরীক্ষাগার বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৪। মহাব্যবস্থাপক, খনন বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৫। মহাব্যবস্থাপক, নির্মাণ বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৬। মহাব্যবস্থাপক, ওয়েল সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৭। মহাব্যবস্থাপক, উৎপাদন বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৮। মহাব্যবস্থাপক, প্রকৌশল বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৯। মহাব্যবস্থাপক, ভূতাত্ত্বিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১০। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম), বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১১। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), ভূ-পদার্থিক বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১২। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
১৩। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), প্ল্যানিং এন্ড আইসিটি বিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।

০৪-০৫-২০২৫
মোঃ জাকির হোসেন
মহাব্যবস্থাপক